যুগান্তর

তারিখ [illegible] 8.2006
পৃষ্ঠা -২ কলাম ৬

# বিভিন্ন শিক্ষক সংগঠনে:
# প্রতিবাদ

যুগান্তর রিপোর্ট

শতভাগ বেতন প্রদানসহ বিভিন্ন দাবি-দাওয় প্রতিশ্রুতি সরকার পূরণ না করার তীব্র প্রতিব জানিয়েছে বিভিন্ন শিক্ষক সংগঠন। সংগঠনে নেতৃবৃন্দ প্রতিবাদ জানিয়ে অবিলম্বে প্রতিশ্রু পূরণের দাবি জানিয়েছেন সরকারের কাছে।

**জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের কালো পতা মিছিল ও সমাবেশ :** মঙ্গলবার রাজধানীে কালো পতাকা নিয়ে সমাবেশ ও বিক্ষোভ মিছি করেছে। জেলা সদরে ও ঢাকার মুক্তাঙ্গ অনুষ্ঠিত হয় এ প্রতিবাদ সমাবেশ ও মিছিল মুক্তাঙ্গনের সমাবেশে ফ্রন্টের প্রধান সমন্বয়কা অধ্যক্ষ কাজী ফারুক বলেন, "সরকার পু মেয়াদকালই শিক্ষকদের সঙ্গে প্রতারণার আশ্র নিয়েছে। সর্বশেষ গত ৬ জুলাই বর্ধিত ১ শতাংশ বেতন প্রদানের ঘোষণা দিয়ে শিক্ষকদে সঙ্গে প্রতারণা করেছে। সমাবেশে বক্তৃতা করে মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ মো শাজাহান, অধ্যাপক আসাদুল হক, অধ্য মোহাম্মদ আলী চৌধুরী, বিলকিস জামান প্রমুখ

**শিক্ষক-কর্মচারী ঐক্যপরিষদ :** শতভাগ বেত প্রদানের ঘোষণা দিয়ে বাস্তবায়ন না কর সরকারের প্রতিশ্রুতি ভঙ্গ বলে অভিযোগ করেছেন নেতৃবৃন্দ। মঙ্গলবার এক বিবৃতিতে পরিষদের আহ্বায়ক অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকী, ড. ম আখতারুজ্জামান, প্রদীপ চক্রবর্তী ও অধ্যক্ষ মোঃ শাহজাহান আলম সাজু এ অভিযোগ করেন।

**বাংলাদেশ শিক্ষক সমিতি (বাশার-নজরুল) :** সভাপতি আবুল বাশার হাওলাদার ও মহাসচিব নজরুল ইসলাম রনি এক বিবৃতিতে অবিলম্বে শিক্ষামন্ত্রীর ঘোষণার বাস্তবায়ন দাবি করে বলেন, না করলে আসন্ন নির্বাচনে শিক্ষকরা প্রতিশ্রুতি ভঙ্গের সমুচিত জবাব দেবেন।

**শিক্ষক-কর্মচারী ঐক্যজোট (সেলিম ভূঁইয়া) :** সরকারপন্থী শিক্ষকদের সংগঠন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের একাংশের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূইয়া, আহ্বায়ক চৌধুরী মুগীসউদ্দিন মাহমুদ চৌধুরী এক বিবতিতে শতভাগ বেতন